গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৬/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কে এম আলী রেজা
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত প্রকল্প) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির সভাপতি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি.
সময় : সকাল ০৯.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্খিত সেবা সহজে পায় সে লক্ষ্যে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে সেবা প্রদান করা হচ্ছে কিনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ আছে কিনা তা পরিবীক্ষণ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদ করে সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা হয়। অত:পর পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ মন্ত্রণালয়ের নিম্নোক্ত সেবাটি পরিবীক্ষণ করা হয়:

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণকালে দেখা যায় যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি ও বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান সংক্রান্ত সেবাটি দাপ্তরিক সেবার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি ও বিদেশ ভ্রমণের ক্ষেত্রে পরিচালক বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রে মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখার মাধ্যমে, দপ্তর/সংস্থার উপপরিচালক ও তদনিম্ন পর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার মাধ্যমে জি.ও জারি করা হয়। উল্লেখ্য, ১০ম বা তদনিম্ন পর্যায়ের গ্রেডভুক্ত কর্মচারীদের ছুটির বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মাধ্যমে নিষ্পত্তি হয় মর্মে বর্ণিত সেবা হতে ১০ম বা তদনিম্ন পর্যায়ের গ্রেডভুক্ত কর্মচারীদের ছুটির বিষয়টি বাদ দেওয়া সমীচীন । এছাড়া এ মন্ত্রণালয়ের সেবা প্রতিশ্রুতিতে বর্ণিত বহিঃবাংলাদেশ ছুটি ও বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান সংক্রান্ত সেবাটি দাপ্তরিক সেবার মধ্যে অন্তর্ভুক্ত রেখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি পৃথক পৃথক ছকে অন্তর্ভুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতিটি হালনাগাদপূর্বক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের উচ্চতর স্কেল/পদোন্নতি প্রদান সংক্রান্ত সেবাটি প্রশাসন-০২ শাখা হতে স্থানান্তর করে প্রশাসন-০১ শাখার অভ্যন্তরীণ সেবায় অন্তর্ভুক্ত করতে হবে।

(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা, অভ্যন্তরীণ সেবায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার হালনাগাদকৃত তথ্যাদি সংশোধন/সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিটি হালনাগাদ করতে হবে।

(ঘ) মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্যাদিও হালনাগাদ করতে হবে।

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৬/০৯/২০২২
(কে এম আলী রেজা)
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত)
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল
পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির
সভাপতি
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০০২.২১.১২৮৩ তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ / ২৬ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৬. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৭. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

২৬/০৯/2022
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৫
ই-মেইল: sas.admin1@moysports.gov.bd